রেজিস্ট্রারের কার্যালয়
Office of the Registrar

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/প্রশা(সাধা)/স্টাইপেন্ড-৭৯(১০/২)/২০০৩/খন্ড-১/ ৫৫৯১

তারিখ: ২৬ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১১ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

গত ২৩-০৯-২০২৫ তারিখে অনুষ্ঠিত অর্থ কমিটির ১৫৭তম সভার সিদ্ধান্ত (সিদ্ধান্ত-০৫) মোতাবেক বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের কোর্স ফি/রেজিস্ট্রেশন ফি মওকুফ সংক্রান্ত নীতিমালা-২০২৫ বোর্ড অব গভর্নরস-এর ১৯৭তম সভায় (সিদ্ধান্ত: ০২) অনুমোদিত হয়েছে (কপি সংযুক্ত)।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

১১/১১/২০২৫

অধ্যাপক মোঃ আনিছুর রহমান
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. ডিন, ওপেন স্কুল/এসওই/এসওবি/এসএসটি/সার্ড/এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি।
৩. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, বাউবি।
৫. আঞ্চলিক পরিচালক (সকল), ... ... ... ... ... ... ... ... আঞ্চলিক কেন্দ্র, বাউবি।
৬. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. একান্ত সচিব, উপ-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. সংশ্লিষ্ট নথি, বাউবি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং ৯৩১
তারিখ ২২/০১/২৫
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/সিনিয়র প্রোগ্রামার/ASANA
সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME
সহকারী প্রোগ্রামার/AHME

A/H/M/E
Important



Contact: Registrar's Office, Administrative Building, Bangladesh Open University, Gazipur-1705, Bangladesh
Website: www.bou.ac.bd, https://bou.ac.bd/Registrar/Office, email:registrar@bou.ac.bd,Phone: 996691112, 09666730730 Ex 105

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের কোর্স ফি/রেজিস্ট্রেশন ফি মওকুফ সংক্রান্ত নীতিমালা-২০২৫

০১ শিরোনাম : আর্থিকভাবে অসচ্ছল ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের কোর্স ফি/রেজিস্ট্রেশন ফি মওকুফ সংক্রান্ত নীতিমালা-২০২৫।

ক) নামকরণ : এই নীতিমালা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের কোর্স ফি/রেজিস্ট্রেশন ফি মওকুফ সংক্রান্ত নীতিমালা-২০২৫ নামে অভিহিত হবে।

খ) কার্যকর : এই নীতিমালা বাউবি'র বোর্ড অব গভর্নরস (বিওজি) এর অনুমোদনক্রমে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে কার্যকর হবে।

০২ সংজ্ঞাসমূহ (Definitions) :

ক) "বিশ্ববিদ্যালয়" বা "বাউবি" বলতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে বুঝাবে;

খ) "প্রধান নির্বাহী কর্মকর্তা" বলতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য-কে বুঝাবে;

গ) "বাউবি কর্তৃপক্ষ" বলতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর ১৯৯২ সনের ৩৮নং আইনের ১৮ ধারায় বর্ণিত আর্থিক ও প্রশাসনিক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষকে বুঝাবে;

ঘ) "শিক্ষার্থী" বলতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ভর্তি/রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীকে বুঝাবে।

ঙ) "শিক্ষক" বলতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষককে বুঝাবে;

চ) "কর্মকর্তা" বলতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তাকে বুঝাবে;

ছ) "কর্মচারী" বলতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মচারীকে বুঝাবে;

জ) "প্রোগ্রাম" বলতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সকল স্কুল থেকে পরিচালিত সকল আনুষ্ঠানিক প্রোগ্রামকে বুঝাবে;

ঝ) "কোর্স ফি/রেজিস্ট্রেশন ফি" বলতে ভর্তিকৃত শিক্ষার্থীদের শুধুমাত্র কোর্স ফি/রেজিস্ট্রেশন ফি এর নির্ধারিত টাকার অংক বুঝাবে;

ঞ) "অসচ্ছল শিক্ষার্থী" বলতে সার্টিফিকেট প্রোগ্রাম থেকে শুরু করে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের প্রোগ্রাম পর্যন্ত অধ্যায়নরত শিক্ষার্থীদের মধ্যে যাদের পিতা/মাতা/অভিভাবকের বার্ষিক আয় এক লক্ষ টাকার নিচে সে সকল শিক্ষার্থীদেরকে বুঝাবে। তবে তাঁদের ক্ষেত্রে অবশ্যই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন অথবা পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত আর্থিকভাবে অসচ্ছলতার সনদ থাকতে হবে;

ট) "প্রতিবন্ধী শিক্ষার্থী" বলতে প্রতিবন্ধী কল্যাণ আইন-২০০১ অনুযায়ী এমন শিক্ষার্থীকে বোঝাবে যিনি জন্মগতভাবে বা রোগাক্রান্ত হয়ে বা দূর্ঘটনায় আহত হয়ে বা অপচিকিৎসায় বা অন্য কোন কারণে দৈহিকভাবে বিকলাঙ্গ বা বুদ্ধিতে/মানসিকভাবে ভারসাম্যহীন এবং উক্তরূপ বৈকল্য বা ভারসাম্যহীনতার ফলে স্থায়ীভাবে আংশিক বা সম্পূর্ণ কর্মক্ষমতাহীন। তবে তাঁদের ক্ষেত্রে অবশ্যই সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ থাকতে হবে।

০৩ কোর্স ফি/রেজিস্ট্রেশন ফি মওকুফের শতকরা হার : আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীরা সর্বোচ্চ ৪০% (শতকরা ৪০ ভাগ) এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৭০% কোর্স ফি/রেজিস্ট্রেশন ফি (শতকরা ৭০ ভাগ) মওকুফ করা যাবে। তবে যে সকল শিক্ষার্থী আর্থিকভাবে অস্বচ্ছল অথচ মেধাবী তাঁদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

০৪ কোর্স ফি/রেজিস্ট্রেশন ফি মওকুফের জন্য যারা আবেদন করতে পারবেন :

ক্যাটাগরি (ক) : আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থী;

ক্যাটাগরি (খ) : শারীরিক ও মানসিকভাবে প্রতিবন্ধী শিক্ষার্থী;

D:\Backup\Taposh Documents\Order-12-2025.doc/ (259)

০৫ কোর্স ফি/রেজিস্ট্রেশন ফি মওকুফের শর্তাবলী ঃ ক্যাটাগরি ক-এর জন্য শর্তাবলী:

- ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন অথবা পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত আর্থিকভাবে অসচ্ছলতার সনদ থাকতে হবে;

ক্যাটাগরি খ-এর জন্য শর্তাবলী:

- সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ থাকতে হবে;

০৬ আবেদনকারী শিক্ষার্থীরা আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক কেন্দ্র প্রধানের মাধ্যমে পরিচালক (এসএসএস) বরাবর আবেদন করবেন।

০৭ অগ্রাধিকার ঃ এই নীতিমালার আলোকে তফসিল-১ অনুযায়ী আবেদনকারীর সংখ্যা বেশি হলে অগ্রাধিকার ভিত্তিতে নির্বাচন করা হবে। প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রতিবন্ধীতার মাত্রা অনুযায়ী সংখ্যা নির্ধারণ করা হবে।

০৮ কোর্স ফি মওকুফের ক্ষেত্রে একটি স্থায়ী কমিটি থাকবে। স্থায়ী কমিটি ট্রেজারার-এর সভাপতিত্বে রেজিস্ট্রার, সকল স্কুলের ডিন, পরিচালক (এসএসএস বিভাগ), পরিচালক (অর্থ ও হিসাব বিভাগ), আইসিটি প্রধান এবং পরীক্ষা নিয়ন্ত্রক-এর সমন্বয়ে গঠন করা যেতে পারে। এই কমিটিতে এসএসএস বিভাগের যুগ্ম-পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা সদস্য-সচিবের দায়িত্ব পালন করবেন। এই কমিটির মাধ্যমে আবেদন যাচাই-বাছাইপূর্বক কোর্স ফি মওকুফের ক্ষেত্রে যারা যোগ্য বলে বিবেচিত হবেন তাদের তালিকা সুপারিশসহ অনুমোদনের জন্য মাননীয় উপাচার্যের নিকট উপস্থাপন করতে হবে।

০৯ ক) বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কোর্স ফি মওকুফ সংক্রান্ত নীতিমালায় অন্তর্ভুক্ত কোনো বিষয়ের সংশোধন, সংযোজন, পরিমার্জন, পরিবর্তন বা প্রতিস্থাপন এবং নতুন কোনো বিষয় বা সুবিধা বা শর্ত অন্তর্ভুক্ত করার প্রয়োজন হলে, তা বাউবি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অন্তর্ভুক্ত করা যাবে। সরকারি পরিপত্রের কোনো অংশ যদি বাউবি'র এই নীতিমালার সংগে সাংঘর্ষিক হয়, সেক্ষেত্রে সরকারি পরিপত্রের প্রযোজ্য অংশ বাউবি'র নীতিমালায় স্বয়ংক্রিয়ভাবে প্রতিস্থাপিত হবে।

খ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যদি কখনো স্ব-শাসিত ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানে কোর্স ফি মওকুফ সংক্রান্ত কোনো বিশেষ গেজেট/প্রজ্ঞাপন/পরিপত্র/আদেশ জারী করা হয়, তবে বাউবি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাউবি'র বিদ্যমান নীতিমালায় সংশোধন করা যাবে।

১০ এই নীতিমালা বাস্তবায়ন করতে গিয়ে যদি এমন কোন অবস্থার সম্মুখীন হয়, যে বিষয়ে এই নীতিমালায় সুস্পষ্ট ব্যাখ্যা/ নির্দেশনা নাই, সেক্ষেত্রে উপাচার্য মহোদয়ের সিদ্ধান্ত/নির্দেশনা চূড়ান্ত বলে গণ্য হবে এবং তফসিল-১ এ বর্ণিত আর্থিকভাবে অস্বচ্ছল ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের সংখ্যা প্রয়োজনে উপাচার্য মহোদয় বৃদ্ধি করতে পারবেন।

১১ এই নীতিমালা বাস্তবায়নের তারিখ থেকে এতদসংক্রান্ত পূর্বে অনুমোদিত সকল নীতিমালা রহিত বলে গণ্য হবে।

\\10.11.221.18\Taposh Documents\Order-12-2025.doc/ (259)

## তফসিল-১

| SL. | Name of School | Program | প্রতি শিক্ষাবর্ষ/সেমিস্টারে অসচ্ছল শিক্ষার্থীদের কোর্স ফি মওকুফের সর্বোচ্চ সংখ্যা | প্রতি শিক্ষাবর্ষ/ সেমিস্টারে প্রতিবন্ধী শিক্ষার্থীদের সর্বোচ্চ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| 1. | Open School | Secondary School Certificate (SSC) | ৫ | ৫ | |
| 2. | | Higher Secondary School Certificate (HSC) | ৫ | ৫ | |
| 3. | | Bachelor of Business Administration (BBA-Bangla) | ৪ | ২ | |
| 4. | | Master of Business Administration (MBA-Bangla) | ৪ | ২ | |
| 5. | | Master In Criminology & Criminal Justice | ০ | ১ | |
| 6. | | Master of Disaster Management (MDM) | ০ | ১ | |
| 7. | School of Education | Bachelor of Education (BEd) | ৫ | ২ | |
| 8. | | BMEd (Bachelor of Madrasa Education) | ৫ | ২ | |
| 9. | | Master of Education (MEd) | ৫ | ২ | |
| 10. | | Master of Philosophy (MPhil) | ০ | ০ | পূর্ববর্তী সকল পরীক্ষায় গড়ে ন্যূনতম ৫৫% নম্বর/ এ(A) গ্রেড পেতে হবে। |
| 11. | | Doctor of Philosophy (PhD) | ০ | ০ | |
| 12. | School of Agriculture & Rural Development | Certificate in Livestock and Poultry (CLP) | ২ | ১ | ভবিষ্যতে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি সাপেক্ষে শিক্ষাবৃত্তি প্রদান করা যাবে। |
| 13. | | Certificate in Pisciculture and Fish Processing (CPFP) | ২ | ১ | |
| 14. | | Bachelor of Agricultural Education (BAgEd) | ৫ | ২ | |
| 15. | | MS in Agronomy | ০ | ০ | |
| 16. | | MS in Entomology | ০ | ০ | |
| 17. | | MS in Soil Scinece | ০ | ০ | |
| 18. | | MS in Irrigation and Water Management | ০ | ০ | |
| 19. | | MS in Aquaculture | ০ | ০ | |

D:\Backup\Taposh Documents\Order-12-2025.doc/ (261)

## তফসিল-১

| SL | Name of School | Program | প্রতি শিক্ষাবর্ষ/ সেমিস্টারে অসচ্ছল শিক্ষার্থীদের কোর্স ফি মওকুফের সর্বোচ্চ সংখ্যা | প্রতি শিক্ষাবর্ষ/ সেমিস্টারে প্রতিবন্ধী শিক্ষার্থীদের সর্বোচ্চ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| 20. | School of Agriculture & Rural Development | MS in Fisheries Biology and Genetics | ০ | ০ | শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি সাপেক্ষে শিক্ষাবৃত্তি প্রদান করা যাবে। |
| 21. | | MS in Poultry Science | ০ | ০ | |
| 22. | | Master in Sustainable Agriculture and Rural Liveli Hood (MSARL) | ২ | ১ | |
| 23. | School of Business | Certificate in Management (CIM) | ১ | ১ | |
| 24. | | Post Graduate Diploma in Management (PGDM) | ১ | ১ | |
| 25. | | Bachelor of Business Administration (BBA) | ৪ | ২ | |
| 26. | | Master of Business Administration (MBA) | ৪ | ২ | |
| 27. | | Master of Business Administration (Professional) | ০ | ০ | শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি সাপেক্ষে শিক্ষাবৃত্তি প্রদান করা যাবে। |
| 28. | | Commonwealth Executive Master of Business Administration (CEMBA) | ০ | ০ | |
| 29. | | Commonwealth Executive Master of Public Administration (CEMPA) | ০ | ০ | |
| 30. | | Master of Philosophy (MPhil) | ০ | ০ | পূর্ববর্তী সকল পরীক্ষায় গড়ে ন্যূনতম ৫৫% নম্বর/ এ(A) গ্রেড পেতে হবে। |
| 31. | | Doctor of Philosophy (PhD) | ০ | ০ | |
| 32. | School of Social Sciences, Humanities and Languages | Certificate in English Language Proficiency (CELP) | ২ | ১ | |
| 33. | | Certificate in Arabic Language Proficiency (CALP) | ২ | ১ | |
| 34. | | Certificate in PreliminaryChinese Language (CPCL) | ২ | ১ | |
| 35. | | Bachelor of Arts (BA) | ৭ | ৫ | |
| 36. | | Bachelor of Social Science (BSS) | ৭ | ৫ | |
| 37. | | Bachelor of Arts (Hons) in Bangla Language & Literature | ২ | ১ | |
| 38. | | Bachelor of Arts (Hons) in History | ২ | ১ | |
| 39. | | Bachelor of Arts (Hons) in Philosophy | ২ | ১ | |
| 40. | | Bachelor of Arts (Hons) in Islamic Studies | ২ | ১ | |
| 41. | | Bachelor of Social Science (Hons) in Political Science | ২ | ১ | |

D:\Backup\Taposh Documents\Order-12-2025.doc/ (262)

## তফসিল-১

| Sl. | Name of School | Program | প্রতি শিক্ষাবর্ষ/ সেমিস্টারে অসচ্ছল শিক্ষার্থীদের কোর্স ফি মওকুফের সর্বোচ্চ সংখ্যা | প্রতি শিক্ষাবর্ষ/ সেমিস্টারে প্রতিবন্ধী শিক্ষার্থীদের সর্বোচ্চ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| 42. | School of Social Sciences, Humanities and Languages | Bachelor of Social Science (Hon's) in Sociology | ২ | ১ | |
| 43. | | Bachelor of Law (Hon's) | ২ | ১ | |
| 44. | | Master of Arts (MA) in Bangla Language & Literature | ১ | ১ | |
| 45. | | Master of Arts (MA) in History | ১ | ১ | |
| 46. | | Master of Arts (MA) Islamic Studies | ১ | ১ | |
| 47. | | Master of Arts (MA) in Philosophy | ১ | ১ | |
| 48. | | Master of Social Science (MSS) in Political Science | ১ | ১ | |
| 49. | | Master of Social Science (MSS) in Sociology | ১ | ১ | |
| 50. | | Master of Law (LLM) | ০ | ১ | |
| 51. | School of Science and Technology | Diploma in Computer Science and Application (DCSA) | ২ | ১ | |
| 52. | | B.Sc (Hon's) in Food Science and Nutrition. | ২ | ১ | |
| 53. | | B.Sc-in-Computer Science and Engineering (B.Sc in CSE) | ২ | ১ | |
| 54. | | Master of Public Health (MPH) | ০ | ১ | |
| 55. | | Master of Disability Management and Rehabilitation (MDMR) | ০ | ১ | |
| 56. | | Post Graduate Diploma in Medical Ultrasound (PGDMU) | ০ | ১ | |

বিশেষ দ্রষ্টব্য

| | |
|---|---|
| ১. | ভবিষ্যতে নতুন কোনো প্রোগ্রাম চালু হলে সেক্ষেত্রে সমমানের প্রোগ্রাম অনুযায়ী কোর্স ফি মওকুফের শিক্ষার্থী সংখ্যা নির্ধারণ করা যেতে পারে। |

\\10.11.221.18\Taposh Documents\Order-12-2025.doc/ (262)

রেজিস্ট্রারের কার্যালয়
Office of the Registrar

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

## কোর্স ফি/রেজিস্ট্রেশন ফি মওকুফের আবেদন ফরম

পাসপোর্ট সাইজ এর

পরিচালক
স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৫।

মাধ্যম : যথাযথ কর্তৃপক্ষ।

বিষয় : কোর্স ফি/রেজিস্ট্রেশন ফি মওকুফের জন্য আবেদন।

মহোদয়,
বিনীত নিবেদন এই যে, আমি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত একজন শিক্ষার্থী। আমি কোর্স ফি/রেজিস্ট্রেশন ফি মওকুফের জন্য নিম্নে আমার তথ্যাদি উপস্থাপন করলাম:

১. শিক্ষার্থীর নাম : ..........
২. পিতার নাম : ..........
৩. মাতার নাম : ..........
৪. লিঙ্গ : নারী ☐ পুরুষ ☐ তৃতীয় লিঙ্গ ☐ (প্রযোজ্য ক্ষেত্রে √ টিক চিহ্ন দিন)
৫. জন্ম তারিখ : ..........
৬. জাতীয়তা : ..........
৭. ধর্ম : ..........
৮. স্থায়ী ঠিকানা : ..........
৯. বর্তমান ঠিকানা : ..........
১০. ই-মেইল (যদি থাকে) : ..........
১১. মোবাইল : ..........
১২. জন্ম নিবন্ধন নম্বর : ..........
১৩. জাতীয় পরিচয়পত্র নম্বর (যদি থাকে) : ..........
১৪. প্রোগ্রামের নাম (ক) : .......... (খ) স্কুলের নাম..........
১৫. শিক্ষার্থীর আইডি নম্বর : ..........
১৬. বর্ষ/সেমিস্টার : ..........
১৭. ভর্তিপূর্ব একাডেমিক বিবরণ :

| পরীক্ষার নাম | প্রতিষ্ঠানের নাম | পাসের সন | ফলাফল (বিভাগ/শ্রেণী)/ সিজিপিএ | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

১৮. স্টাডি সেন্টারের নাম : ..........

আমি অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত সকল তথ্য সঠিক। প্রদত্ত কোনো তথ্য অসত্য প্রমাণিত হলে কোর্স ফি/রেজিস্ট্রেশন ফি মওকুফের বিষয়টি বাতিলসহ আমার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

(আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ)

সংযুক্তি: আবেদনের স্ব-পক্ষে প্রয়োজনীয় সনদপত্র/প্রমাণক সংযুক্ত করতে হবে।

D:\Backup\Taposh Documents\Order-12-2025.doc/ (265)